

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩২৭

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ কোন দানকে অল্প জ্ঞান করা ও এমন দানকারীর ব্যাপারে মন্দ ধারণা পোষণ না করার জন্য নির্দেশ

ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ لُزُومٍ تَرْكَ اسْتَقْلَالَ الصَّدَقَةِ وَسُوءِ الظَّنِّ بِمُخْرِجِهَا

## আরবী

3365 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ أَحْمَدَ بْنِ أَبِي عَوْنٍ قَالَ: حَدَّثَنَا أَحْمَدُ بْنُ إِبْرَاهِيمَ الدَّوْرَقِيُّ قَالَ: حَدَّثَنَا أَبُو دَاوُدَ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ قَالَ: أَخْبَرَنَا الْأَعْمَشُ قَالَ: سَمِعْتُ أَبًا وَائِلِ قَالَ: كُنَّا نَتَحَامَلُ فَكَانَ الرَّجُلُ يَجِيءُ بِالصَّدَقَةِ فَيُقَالُ: يُحَدِّثُ: عَنْ أَبِي مَسْعُودِ الْبَدْرِيِّ قَالَ: كُنَّا نَتَحَامَلُ فَكَانَ الرَّجُلُ يَجِيءُ بِالصَّدَقَةِ فَيُقَالُ: فَيَ اللَّهَ لَعْنَيُّ عَنْ هَذَا فَنَزَلَتْ هَذِهِ الْآيَةُ: فَيُقَالُ: إِنَّ اللَّهَ لَعْنَيُّ عَنْ هَذَا فَنَزَلَتْ هَذِهِ الْآيَةُ: { اللّهِ الْعَنْ يَعْمُ وَيَ الصَّدَقَاتِ } [التوبة: 79] { النَّذِينَ يَلْمِزُونَ المُطَوِّعِينَ مِنَ الْمُؤْمِنِينَ فِي الصَّدَقَاتِ } [التوبة: 79] الراوي : أَبُو مَسْعُودٍ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الحسان على صحيح ابن حبان

## বাংলা

৩৩২৭. আবৃ মাসউদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমরা আমাদের পিঠে মালামাল বহন করতাম (অর্থাৎ আমরা দিন মজুরের কাজ করতাম)। অতঃপর কোন ব্যক্তি সাদাকাহ নিয়ে আসতেন, তখন বলা হতো, "এটা লোক দেখানো কাজ।" অপর কোন ব্যক্তি অর্ধ সা' সাদাকাহ নিয়ে আসতেন তখন লোকজন বলেন, "নিশ্চয়ই আল্লাহ এই (সামান্য) সাদাকাহ থেকে মুখাপেক্ষীহীন।" তখন এই আয়াত নাযিল হয়,

الَّذِينَ يَلْمِزُونَ المطَّوِّعين مِنَ الْمُؤْمِنِينَ فِي الصَّدَقَاتِ وَالَّذِينَ لَا يجدون إلا جهدهم

"মুমিনদের মাঝে যারা স্বতঃস্কুর্তভাবে দান করে আর যারা নিজেদের শ্রম ছাড়া আর কিছুই পায় না- যারা তাদের বদনাম করে…।"(সূরা তাওবাহ: ৭৯)[1]

## ফুটনোট



[1] সহীহুল বুখারী: ১৪১৫; সহীহ মুসলিম: ১০১৮; নাসাঈ: ৫/৫৯-৬০; সহীহ ইবনু খুযাইমাহ: ২৪৫৩; তাবারানী আল কাবীর:১৭/৫৩৫;মুসনাদ আহমাদ: ৫/২৭৩; ইবনু মাজাহ: ৪১৫৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান:৩৩২৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ মাসউদ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন